# মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বাধীন বর্তমান সরকারের ২০০৯-২০২৩ পর্যন্ত সময়ে সিএমএসডির অর্জন

## সিএমএসডির প্রধান কার্যপরিধি :

সিএমএসডি সরকার তথা স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তরের অধিযাচনক্রমে দেশের সরকারি স্বাস্থ্য খাতের প্রায় সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানের জন্য বিভিন্ন গুরুত্বপূর্ণ মেডিকেল ও সার্জিক্যাল চিকিৎসা যন্ত্রপাতি, জনস্বাস্থ্য সংশ্লিষ্ট ওষুধ ও রাসায়নিক দ্রব্য, বিভিন্ন হাসপাতাল সামগ্রী ক্রয় ও মজুত করে থাকে। ক্রয় প্রক্রিয়ায় সিএমএসডি পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস, ২০০৮ অনুযায়ী ক্রয়কারীর (Procurement Entity) দায়িত্ব পালন করে। ক্রয়কৃত স্বাস্থ্য সরঞ্জাম সংশ্লিষ্ট ক্রয়-অধিযাচনকারীর বরাদ্দ অনুযায়ী বিতরণ করে থাকে। পাশাপাশি বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি ব্যবস্থাপনার দায়িত্ব পালন করে থাকে এবং ওয়ারেন্টি পিরিয়ডের মধ্যে, বিশেষ করে গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ নিশ্চিত করে।




## সিএমএসডি ও ৪র্থ এইচপিএনএসপি :


সিএমএসডির পরিচালক একই সাথে স্বাস্থ্য অধিদপ্তরের ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা, পুষ্টি সেক্টর কর্মসূচির (4th Health, Population and Nutritional Sector Programme-4th HPNSP) প্রকিউরমেন্ট, স্টোরেজ এন্ড সাপ্লাই ম্যানেজমেন্ট-হেলথ সার্ভিসেস (Procurement, Storage and Supply Management-Health Services) শীর্ষক অপারেশনাল প্ল্যানের (Operational plan) লাইন ডিরেক্টরের (Line Director) দায়িত্ব পালন করেন।

## গত ১৪ বছরে সিএমএসডির উল্লেখযোগ্য অর্জন :

### ১. ক্রয় কার্যক্রম :

সিএমএসডি সাধারণত স্বাস্থ্য অধিদপ্তরের অধিযাচনক্রমে নিয়মিত বার্ষিক ক্রয়কার্য করে থাকে। পাশাপাশি কোভিড-১৯ মহামারির ন্যায় জরুরি পরিস্থিতিতে বা বিশেষ ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ীও ক্রয়কার্য সম্পাদন করে থাকে। ২০০৯-২০১০ অর্থবছর থেকে ২০২২-২০২৩ অর্থবছর পর্যন্ত গত ১৪ বছরে সিএমএসডি প্রায় ৬১৩৫,০৩,৩৯,০০০ টাকার ক্রয়কার্য সম্পাদন করে।

| অর্থবছর | ক্রয়বাজেট (লক্ষ টাকায়) |
|---|---|
| ২০০৯-১০ | ২৪০০৬.৫৯ |
| ২০১০-১১ | ১০০২৩.৪৬ |
| ২০১১-১২ | ২২৯৫৫.৪০ |
| ২০১২-১৩ | ৪৩৬৫১.৪০ |
| ২০১৩-১৪ | ৩১২১১.২৬ |
| ২০১৪-১৫ | ৩২৭৯৮.৪৬ |
| ২০১৫-১৬ | ৪৫৫০৬.৮৭ |
| ২০১৬-১৭ | ১৬৭৪৫.২৫ |
| ২০১৭-১৮ | ৮৯০৭৪.২৬ |
| ২০১৮-১৯ | ৮৭৩০৯.৯২ |
| ২০১৯-২০ | ১২৯৬৩.৩৪ |
| ২০২০-২১ | ১২৫৯২৭.২২ |
| ২০২১-২২ | ৫১০৮৯.৮০ |
| ২০২২-২৩ | ২০৩৩৪.৭৪ |
| মোট | ৬১৩৫০৩.৩৯ |




**২. অপারেশনাল প্ল্যান বাস্তবায়ন :**

৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা, পুষ্টি সেক্টর কর্মসূচির আওতায় সিএমএসডি সংশোধিত জানুয়ারি/২০১৭ হতে জুন/২০২৪ মেয়াদে স্বাস্থ্য অধিদপ্তরের Procurement, Storage and Supply Management-Health Services শীর্ষক Operational plan বাস্তবায়ন করছে। PSSM-HS অপারেশনাল প্ল্যানের জন্য নির্ধারিত ১১৩৪ কোটি ১৫ লক্ষ টাকা বরাদ্দের মধ্যে জুন/২০২৩ পর্যন্ত মোট ৮১৭ কোটি ২৪ লক্ষ ৮৩ হাজার টাকা ব্যয় হয়েছে। অর্থাৎ ওপি বাস্তবায়নের হার প্রায় ৭২.০৬%।

**৩. কোভিড-১৯ মোকাবিলা :**

বাংলাদেশে ২০২০ সালের মার্চ মাসে করোনাভাইরাস সংক্রমণজাত কোভিড-১৯ প্রাদুর্ভাবের শুরু থেকেই সিএমএসডি মহামারি মোকাবিলায় অত্যন্ত গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছে। বিভিন্ন জরুরি ক্রয়কার্য সম্পাদন করে কোভিড-১৯ মোকাবিলায় ব্যবহৃত বিভিন্ন ব্যক্তিগত স্বাস্থ্য সুরক্ষা সরঞ্জাম ও গুরুত্বপূর্ণ চিকিৎসা যন্ত্রপাতির সংগ্রহ ও বিতরণ ব্যবস্থা অটুট রেখেছে। কোভিড-১৯

মহামারি শুরু হওয়ার পর মার্চ/২০২০ থেকে অক্টোবর/২০২১ খ্রিস্টাব্দ পর্যন্ত **১৬৩৬,৯৭,৬১,০৩৩.৭৫** টাকার বিভিন্ন কোভিড সরঞ্জাম ক্রয় ও বিতরণ করা হয়েছে।

**৪. স্বাস্থ্য সেবার আধুনিকায়ন:**

প্রান্তিক পর্যায়ে সকল জনসাধারণের জন্য উন্নত ও আধুনিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য সরকার গত ১৪ বছরে উন্নতমানের বিভিন্ন চিকিৎসা যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয় ও সরবরাহ করে। ফলে প্রান্তিক পর্যায়ে স্বাস্থ্য সেবাপ্রার্থীদের জন্য নামমাত্র মূল্যে অনেক উন্নত মানের রোগ-নিরূপণী ও চিকিৎসা সেবা প্রাপ্তি সহজলভ্য হয়েছে। গত ১৪ বছরে সিএমএসডি কর্তৃক ক্রয়কৃত ও সরবরাহকৃত কিছু উল্লেখযোগ্য উন্নত মানের স্বাস্থ্য সরঞ্জামের তালিকা নিচে প্রদান করা হলো :

| ক্রমিক | যন্ত্রপাতি | পরিমাণ |
|---|---|---|
| ১. | CT Scan Machine | ৩৫ টি |
| ২. | Linear Accelerator | ১ টি |
| ৩. | CT Simulator | ৮ টি |
| ৪. | MRI Machine | ১৮ টি |
| ৫. | Coronary Angiogram Machine | ১০ টি |
| ৬. | Cath Lab | ৫ টি |
| ৭. | Bracytheraphy Machine | ৫ টি |
| ৮. | Cobalt- 60 Machine | ৪ টি |
| ৯. | Anaesthesia Machine | ৫৩১ টি |
| ১০. | Haemodialysis Machine | ৩১৬ টি |
| ১১. | Mammography Machine | ৪ টি |
| ১২. | Analyzer Machine | ১২০৩ টি |
| ১৩. | Echocardiogram Machine | ২৫৩৯ টি |
| ১৪. | Ultrasonogram Machine | ৪৬৭ টি |
| ১৫. | 4D Ultrasonogram Machine | ৩৭ টি |
| ১৬. | 2D Ultrasonogram Machine | ২০৩ টি |
| ১৭. | ICU Ventilator | ৭৮৭ টি |
| ১৮. | Ambulance | ৪৬২ টি |
| ১৯. | Jeep | ২৯৭ টি |
| ২০. | Motorcycle | ২১৪ টি |
| ২১. | X- Ray Machine | ৪২২ টি |
| ২২. | X-Ray Machine (Digital) | ১৭২ টি |

**৫. নতুন স্টোর-কাম-অফিস ভবন নির্মাণ :**

জিওবি (রাজস্ব) অর্থায়নে ২৫,০৪,৮০,১৭৬.৬৩ টাকা ব্যয়ে সিএমএসডির জন্য একটি নতুন ৫-তলা স্টোর-কাম-অফিস ভবন নির্মাণ করা হয়েছে। নবনির্মিত ৫-তলা ভবনটির ১ম থেকে ৩য় তলা পর্যন্ত প্রায় ৩১,৪০০ বর্গফুট আয়তনের স্টোর এরিয়া এবং ৪র্থ ও ৫ম তলায় অফিসের সংস্থান আছে। বিভিন্ন তাপ সংবেদনশীল পণ্য যেমন, ওষুধ, টিকা ইত্যাদি সংরক্ষণের জন্য নতুন ভবনের স্টোর এলাকায় প্রতিটি প্রায় ১০০০ ঘনফুট আয়তনের ৭ টি আধুনিক কোল্ড রুম স্থাপন করা হয়েছে।

**৬. তৃতীয় শ্রেণির কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মাণ :**
২০১৮-১৯ অর্থবছরে জিওবি উন্নয়ন বাজেটের অর্থায়নে ২,২২,১৮,৫২৭.৩৮০ টাকা ব্যয়ে সিএমএসডির ৩য় শ্রেণির কর্মচারীদের জন্য ৬০০ বর্গফুট আয়তনের ১২ ইউনিট বিশিষ্ট একটি ৬-তলা আবাসিক ভবন নির্মাণ করা হয়েছে।

**৭. সেল্ফ ক্লিয়ারেন্স লাইসেন্স (Self Clearance License) গ্রহণ :**
রাষ্ট্রীয় অর্থ সাশ্রয়ের লক্ষ্যে আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক পদ্ধতিতে ক্রয়কৃত ও বিভিন্ন সূত্রে বিদেশি উৎস হতে প্রাপ্ত পণ্যসামগ্রী নিজস্ব ব্যবস্থাপনায় কাস্টমস ও বন্দর কর্তৃপক্ষের আনুষ্ঠানিকতা সম্পন্ন করে খালাসের জন্য ঢাকা কাস্টম হাউজ থেকে ২০২১ সালে Self-Clearance License গ্রহণ করা হয়েছে। লাইসেন্স প্রাপ্তির পর হতে জুন/২০২৩ পর্যন্ত ৭৩১৭,০৮,৯০,২৭৪.৪৯ টাকা টাকার পণ্য খালাস করে ইতোমধ্যে সিএন্ডএফ কমিশন বাবদ প্রায় ৭৩,১৭,০৮,৯০২.৭৪ টাকা সাশ্রয় করেছে।

**৮. ই-জিপি বাস্তবায়ন :**
৪র্থ এইচপিএনএসপির শর্ত অনুযায়ী সিএমএসডির সকল এনসিটি (National Competitive Tendering) প্যাকেজের ক্রয় কার্যক্রম ২০১৭ সাল থেকে ক্রমান্বয়ে শতভাগ e-GP সিস্টেমে সম্পাদন করতে হবে। নির্ধারিত সময়াবদ্ধ লক্ষ্যমাত্রা পূরণ করে সিএমএসডি বর্তমানে সকল এনসিবি (National Competitive Bidding) প্যাকেজের ক্রয় কার্যক্রম e-GP সিস্টেমে সম্পাদন করছে।

| অর্থবছর | মোট এনসিবি প্যাকেজ | e-GP লক্ষ্যমাত্রা (মোট প্যাকেজের শতকরা হার) | e-GP সিস্টেমে সম্পাদিত প্যাকেজ | শতকরা হারে অর্জন |
|---|---|---|---|---|
| ২০১৭-১৮ | ২৯ টি | ১০% | ৮ টি | ২৭.৫৮% |
| ২০১৮-১৯ | ২৯ টি | ২৫% | ৮ টি | ২৭.৫৮% |
| ২০১৯-২০ | ২৯ টি | ৭৫% | ৬ টি | ২৫.০০% |
| ২০২০-২১ | ২৪ টি | ১০০% | ৫ টি | ৮৩.৮৩% |
| ২০২১-২২ | ৮ টি | ১০০% | ৮ টি | ১০০% |
| ২০২২-২৩ | ৭ টি | ১০০% | ৭ টি | ১০০% |

**৯. স্টোর অটোমেশন এবং Electronic logistics management information system (e-LMIS) :**
সিএমএসডির স্টোরের কার্যক্রমকে ডিজিটালাইজ করার লক্ষ্যে USAID এর অর্থায়নে Medicine, Technology and Pharmaceuticals System (MTaPS) এর আওতায় Electronic logistics management information system (e-LMIS) সফটওয়্যার প্রস্তুত ও স্থাপন করা হয়েছে। এ প্রকল্পের আওতায় সিএমএসডির স্টোরের একই জেনেরিক নামের শতশত ওষুধ এবং সমপ্রকৃতির বিভিন্ন যন্ত্রপাতিসমূহকে সুবিন্যস্ত করা হয়েছে। নতুন বিন্যাস ও প্রস্তুতকৃত তালিকার আলোকে সিএমএসডির পূর্বের ১৩ টি স্টোরকে শৃঙ্খলাবদ্ধ করে ০৬ টি স্টোরে রূপান্তর করা হয়। এ সিস্টেমের মাধ্যমে সিএমএসডি স্টোরে পণ্য প্রবেশের জন্য গেটপাশ ইস্যু হতে শুরু করে বিতরণ প্রক্রিয়ায় স্টোর হতে বের হওয়া পর্যন্ত সকল ধাপ অটোমেশনের আওতায় আনা হয়েছে।

**১০. দাপ্তরিক মর্যাদা উন্নীতকরণ :**
সিএমএসডির উত্তরোত্তর ক্রমবর্ধমান কর্মপরিধি, সিএমএসডিকে অধিদপ্তরে উন্নীতকরণের জন্য ৪র্থ এইচপিএনএসপি-তে সুপারিশ এবং এ সংশ্লিষ্ট GIU'র সুপারিশে **মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নীতিগত অনুমোদনের পরিপ্রেক্ষিতে** স্বাস্থ্য সরঞ্জাম অধিদপ্তর শীর্ষক নতুন অধিদপ্তর সৃজন, অধিদপ্তরের জন্য নতুন জনবল ও সাংগঠনিক কাঠামো এবং সে অনুযায়ী পদসৃজনের লক্ষ্যে প্রণীত এবং জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সম্মতিপ্রাপ্ত প্রস্তাব বর্তমানে অর্থ বিভাগের সম্মতির জন্য বিবেচনাধীন আছে।

শরীফ মুহম্মদ ফয়েজুল আলম
উপসচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
সংযুক্তঃ সিএমএসডি

তউহীদ আহমদ
কোড নং-১০৯৬৩০
উপ-পরিচালক (সিএমএসডি)
কেন্দ্রীয় ঔষধাগার, তেজগাঁও, ঢাকা।